

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা।

তারিখঃ- ০১.১৪১১বঙ্গাব্দ
০৪.২০১২ খ্রিষ্টাব্দ

নং-স্বাপকম/শুংখলা-২(পা-৭)১-১/৯৭/

আদেশ

যেহেতু ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার(ক্লিনিক) মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল)বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি, এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার(ক্লিনিক)মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ -কে সরকারী চাকুরী হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;


যেহেতু, তাকে সরকারী চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এবং

এদ্বারা দেখেহেতু, সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (৩) (সি) বিধি মোতাবেক ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার (ক্লিনিক) মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ -কে সরকারী চাকুরী হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০১-১১-২০০৮ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কবির)
২৩/৪/১২
সিনিয়র সচিব


উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শুংখলা-২(পা-৭)১-১/৯৭/ ১৬/১(১০)

তারিখঃ ১৬-০৪-২০১২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নওগাঁ।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ১০। ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার(ক্লিনিক)মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ।


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮